# পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ নবম অধ্যায় - হত্যা ও যুদ্ধ-জিহাদ

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ৯. ৩. ২. ৮. ঈশ্বরের আত্মার গণহত্যা

বাইবেলের একটা অতি পরিচিত পরিভাষা পবিত্র আত্মা, পাক রুহ, ঈশ্বরের আত্মা বা মাবুদের রূহ (Holy Spirit, Holy ghost, The Spirit of God, The Spirit of the Lord)। ইহুদিরা এদ্বারা ঈশ্বরের প্রেরণা বা ঈশ্বরের ফেরেশতা বোঝেন। খ্রিষ্টানরা এদ্বারা স্বয়ং ঈশ্বর ও ঈশ্বরের তিন ব্যক্তির এক ব্যক্তিকে বোঝেন। ঈশ্বরের আত্মা বা পবিত্র আত্মারও অন্যতম কর্ম হত্যা ও গণহত্যা। বিশেষত কেউ যদি পুরাতন নিয়মের সপ্তম পুস্তক বিচারকর্তৃগণ বা কাজীগণ পুস্তকটা পাঠ করেন তবে দেখবেন যে, কাজী বা বিচারকদের নিকট ঈশ্বরের আত্মা এসে তাদেরকে যুদ্ধ ও গণহত্যায় নিয়োজিত করছেন। একটা নমুনা দেখবেন হযরত শামাউন (শিম্শোন) প্রসঙ্গে। আমরা ইতোপূর্বে আলোচনা করেছি যে, তিনি একজন বাইবেলীয় নবী ও কাজী। বাইবেলের বর্ণনায় পবিত্র আত্মায় পূর্ণ হয়ে তিনি বিবাহের জন্য অস্থির হয়ে পড়েন (কাজীগণ ১৩/২৫ ও ১৪/১-৪)। এ উপলক্ষ তিনি একটা ধাঁধা বলেন। তাঁর স্ত্রীর সহযোগিতায় কনে পক্ষের যুবকেরা তাঁর ধাঁধার জবাব বলে দেয়। তখন পাক রূহের প্রেরণায় তিনি বিনা উস্কানিতে ত্রিশ জন নিরপরাধ নিরস্ত্র মানুষকে হত্যা করেন, তাদের সব কিছু লুট করেন এবং তাদের কাপড়-চোপড়গুলো নিয়ে ধাঁধার উত্তরদানকারীদের প্রদান করেন। পাক রূহের রাগ এতই ভয়ঙ্কর যে, হত্যা ও লুটের পরেও তা জ্বলতে থাকে। ‘‘এর পর মাবুদের রূহ পূর্ণ শক্তিতে শামাউনের উপর আসলেন। তিনি অস্কিলোনে গিয়ে সেখানকার ত্রিশজন লোককে হত্যা করে তাদের সব কিছু লুটে নিলেন এবং তাদের কাপড় চোপড় নিয়ে যারা তাঁর ধাঁধার জবাব দিয়েছিল তাদের দিলেন। তারপর তিনি রাগে জ্বলতে জ্বলতে তার বাবার বাড়িতে চলে গেলেন।’’ (কাজীগণ ১৪/১৯)

শামাউনের শ্বশুর ভাবলেন, শামাউন তাঁর স্ত্রীকে ত্যাগ করে চলে গেলেন। এজন্য তাঁর এক বন্ধুর সাথে তাকে বিয়ে দিলেন। পরে শামাউন শ্বশুর বাড়িতে যেয়ে স্ত্রী চাইলে শ্বশুর তার ওজর পেশ করেন এবং তার অন্য মেয়েকে বিয়ে দেওয়ার প্রস্তাব দেন। এতে ক্ষুব্ধ হয়ে শামাউন ফিলিস্তিনিদের ক্ষেতের সকল ফসল পুড়িয়ে দেন এবং অনেক মানুষ হত্যা করেন। এরপর পবিত্র আত্মার প্রেরণায় তিনি এক হাজার মানুষ হত্যা করেন: ‘‘তখন মাবুদের রূহ পূর্ণ শক্তিতে তাঁর উপর আসলেন। তাতে তাঁর হাতের দড়িগুলো পুড়ে যাওয়া শনের মত হল এবং তাঁর হাতের বাঁধন খুলে গেল। তখন তিনি সদ্য মরা গাধার একটা চোয়াল পেয়ে সেটা হাতে নিলেন এবং তা দিয়ে এক হাজার লোককে হত্যা করলেন।’’ (কাজীগণ ১৫/১৪-১৫, কি. মো.-০৬)

বাইবেলীয় ঈশ্বরের বা পাক-রূহের হত্যার নেশা দেখুন। শামাউনের শ্বশুর তার মেয়েকে বিবাহ দিয়েছেন এ অজুহাতে নির্বিচারে এক হাজার নিরস্ত্র ও অপ্রস্তুত মানুষকে কোনোরূপ সুযোগ না দিয়ে হত্যা করলেন!

বাইবেলীয় ঈশ্বরের আত্মা বা পাক-রূহ বড় ভয়ঙ্কর বিষয়। কারো উপর নামলেই সে ভয়ঙ্কর রাগে জ্বলে ওঠে। কেউ পাক-রূহ পেয়েছে কিনা তার প্রমাণ, সে অস্বাভাবিক ক্রুদ্ধ হয়েছে কিনা? ১ শমূয়েল ১১/৬: তালুতের উপর ঈশ্বরের আত্মা আসার সাথে সাথে তিনি প্রচণ্ড ক্রোধে জ্বলে উঠলেন এবং দুটো গরু নিয়ে কেটে টুকরো টুকরো

করলেন!

Source — https://www.hadithbd.com/books/link/?id=14544

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন